রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২৮, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)**
৩ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫

## বিশেষজ্ঞ, উপদেষ্টা ও পরামর্শক নিয়োগ নীতিমালা, ২০২৪

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) আইন-২০২২ এর ১৪ ধারা অনুসারে চুক্তিভিত্তিক বিশেষজ্ঞ, উপদেষ্টা ও পরামর্শক নিয়োগ নীতিমালা, ২০২৪ প্রণয়ন করা হলো:

১। এই নীতিমালা 'বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এ বিশেষজ্ঞ, উপদেষ্টা ও পরামর্শক নিয়োগ নীতিমালা, ২০২৪' নামে অভিহিত হবে।

২। বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক নিয়োগের শর্তাবলি:

২.১। সার্বক্ষণিক নিয়োগ:

(ক) বয়সসীমা: ন্যূনতম ৪৫ বৎসর ও সর্বোচ্চ ৭০ বৎসর।

(খ) নিয়োগকাল: চাহিদাভিত্তিক।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

(১) দেশে/বিদেশে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে প্রযোজ্যতা অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং অথবা স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী;

(বিদেশি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট বিবেচনা করতে হবে)



**মূল্য :** টাকা ৮.০০

(২) সংশ্লিষ্ট বিষয়ে কোন শিক্ষাগত/পেশাগত ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(৩) অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে;

(৪) বিষয়ভিত্তিক অন্য কোনো যোগ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে;

(৫) সংশ্লিষ্ট বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরে ন্যূনতম ১৫(পনের) বছরের অভিজ্ঞতা।

(ঘ) পরামর্শক ফি:

(১) সর্বসাকুল্যে মাসিকভিত্তিতে পরামর্শক ফি (প্রতিযোগিতামূলক বাজার মূল্যে আলোচনার ভিত্তিতে নির্ধারিত) প্রদান করা হবে। পরামর্শক ফি হতে বিধি মোতাবেক উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য।

(২) গাড়ীসহ অন্যান্য সুবিধা আলোচনার ভিত্তিতে চুক্তিতে নির্ধারিত শর্তানুযায়ী প্রযোজ্য হবে।

(৩) পরামর্শক ফি বাংলাদেশি মুদ্রায় প্রদেয় হবে।

(ঙ) চুক্তি মোতাবেক বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক পেট্রোবাংলার সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন এবং অন্য কোন সরকারি/স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরী করতে পারবেন না।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে চাকুরী ত্যাগ করতে ইচ্ছুক হলে ৩(তিন) মাস পূর্বে লিখিতভাবে পেট্রোবাংলা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে, অন্যথায় ৩ (তিন) মাসের সমপরিমাণ পরামর্শক ফি পেট্রোবাংলাকে প্রদান করে চাকুরী হতে অব্যাহতি নিতে হবে।

(ছ) কর্তৃপক্ষ বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক এর নিয়োগ চুক্তির শর্তানুযায়ী বাতিল করতে পারবে।

(জ) চাকুরির অন্যান্য শর্তাবলি সংশ্লিষ্ট চুক্তি অনুযায়ী নির্ধারিত হবে।

২.২। মাইলস্টোনভিত্তিক নিয়োগ:

(ক) বয়সসীমা: ন্যূনতম ৪৫ বৎসর ও সর্বোচ্চ ৭০ বৎসর।

(খ) নিয়োগকাল: চাহিদাভিত্তিক।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

(১) দেশে/বিদেশে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে প্রযোজ্যতা অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং অথবা স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী;

(বিদেশি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট বিবেচনা করতে হবে)

(২) সংশ্লিষ্ট বিষয়ে কোন শিক্ষাগত/পেশাগত ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(৩) অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিবেচনায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে;

(৪) বিষয়ভিত্তিক অন্য কোনো যোগ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে;

(৫) সংশ্লিষ্ট বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরে ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা।

(ঘ) পরামর্শক ফি:

(১) সর্বসাকুল্যে মাইলস্টোনপ্রতি পরামর্শক ফি (প্রতিযোগিতামূলক বাজার মূল্যে আলোচনার ভিত্তিতে নির্ধারিত) প্রদান করা হবে। পরামর্শক ফি হতে বিধি মোতাবেক উৎসে আয়কর ও ভ্যাট কর্তনযোগ্য।

(২) মাইলস্টোনপ্রতি পরামর্শক ফি বাংলাদেশি মুদ্রায় প্রদেয় হবে।

(ঙ) চুক্তি মোতাবেক বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক পেট্রোবাংলার দায়িত্ব পালন করবেন।

(চ) কর্তৃপক্ষ বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক এর নিয়োগ চুক্তির শর্তানুযায়ী বাতিল করতে পারবে।

(ছ) চাকুরির অন্যান্য শর্তাবলি সংশ্লিষ্ট চুক্তি অনুযায়ী নির্ধারিত হবে।

৩। পরামর্শক ফি বাবদ ব্যয় নির্বাহ:

(১) প্রকল্পের আওতায় বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক নিয়োগ করা হলে ডিপিপি-তে বরাদ্দকৃত এ খাতের ব্যয় হতে পরামর্শক ফি পরিশোধ করা হবে।

(২) পেট্রোবাংলার বাজেটে নির্ধারিত 'উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয়' খাত হতে পরামর্শক ফি বাবদ ব্যয় নির্বাহ করা হবে। এক্ষেত্রে প্রতি অর্থবছরের বাজেটে প্রয়োজনীয় পরিমাণ অর্থের সংস্থান রাখা হবে।

(৩) উৎপাদন বন্টন চুক্তি (পিএসসি) সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনে বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক নিয়োগের প্রয়োজন হলে পেট্রোবাংলার বাজেটে নির্ধারিত পিএসসি সংক্রান্ত ব্যয়ের 'উপদেষ্টা/পরামর্শক ফি ব্যয়, দেশীয়/বৈদেশিক' খাত হতে প্রয়োজনীয় পরিমাণ অর্থের সংস্থান সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হবে।

৪। পেট্রোবাংলা’র সংশ্লিষ্ট পরিচালক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক নিয়োগের প্রয়োজনীয়তাসহ নিয়োগের সুনির্দিষ্ট শর্তাবলি পেট্রোবাংলা পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করবেন এবং অনুমোদন গ্রহণ করবেন।

৫। সংশ্লিষ্ট পরিচালক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক পদের দায়িত্ব সংশ্লিষ্ট পরিচালকের অধীনে ন্যস্ত থাকবে এবং তিনি কার্যক্রম মনিটর করবেন এবং সময়ে সময়ে কর্তৃপক্ষকে অবহিত করবেন।

৭। পেট্রোবাংলার প্রয়োজনে ও সন্তোষজনক সেবার ভিত্তিতে বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক হিসেবে কার্য সম্পাদনের চুক্তি পেট্রোবাংলা পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নবায়ন করা যাবে।

৮। বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক পদে নিয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (সংশোধনসহ) এবং এ সংক্রান্ত সরকারের সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

৯। এই নীতিমালার আওতায় নিয়োগকৃত বিশেষজ্ঞ/উপদেষ্টা/পরামর্শক এর সাথে কোন বিরোধ উদ্ভব হলে সম্পাদিত চুক্তিতে বর্ণিত পদ্ধতিতে নিরসন করা হবে।

১০। এই নীতিমালা প্রয়োজনে সময় সময় পরিবর্তন বা সংশোধন করা যাবে।

**জনেন্দ্র নাথ সরকার**
চেয়ারম্যান
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd